

2 0 1 7

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশানুসারে উত্তর দাও :

১×৭=৭

(ক) “হায়, তাত, উচিত কি তব এ কাজ!”

এখানে কাকে ‘তাত’ বলা হয়েছে?

(খ) “অন্ধকার _____ নরকের কুণ্ড।”

(শূন্যস্থান পূর্ণ করো)

(গ) রুক্মিণির স্বামী কী কাজ করত?

(ঘ) “দেবকন্যা হৈয়া স্বর্গে না হইল স্থল।”

‘দেবকন্যা’ কে?

(ঙ) নীলাভ আকাশ জুড়ে কী ফুল ফুটে থাকে?

(চ) “দূর পৃথিবীর গন্ধে ড’রে ওঠে আমার এ

বাঙালীর _____।”

(শূন্যস্থান পূর্ণ করো)

(ছ) ‘বাংলার মুখ আমি দেখিয়াছি’ কবিতায় কবি ছাতার মতো

বড়ো পাতার নীচে কোন্ পাখিকে বসে থাকতে

দেখেছেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

(ক) “প্রাচীন ভূপতি ভূমি অতি বিচক্ষণ।”

বক্তা কে? ‘ভূপতি’ বলতে কাকে বোঝানো হয়েছে?

(খ) ‘চণ্ডীর চরণে মনসা’ শীর্ষক কবিতার কবি কে? তাঁর কোন কাব্যগ্রন্থ থেকে পাঠ্যংশটি নেওয়া হয়েছে?

(গ) শূন্যস্থান পূর্ণ করো :

“পুকুরের _____ সর স্কীণ ঢেউয়ে বার বার চায় যে
 জড়াতে
 _____ কচি ডাল; চুমো খেতে চায় মাছরাঙাটির
 পায়;”

(ঘ) ‘আবার আসিব ফিরে’ শীর্ষক কবিতায় উল্লিখিত যে কোনো দুটি নদীর নাম লেখো।

৩। নির্দেশ অনুযায়ী উত্তর দাও (যে কোনো তিনটি) :

৫×৩=১৫

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“এমন অশক্য কথা কোন জনে বলে।
 আপন কন্যাকে নিজে ফেলে ভূমি তলে॥”

(খ) “যতক্ষণ বাঁচি প্রাণে আছি সচেতন।
 কহিব কিঞ্চিৎ নীত করহ শ্রবণ॥”

মৃত্যুশয্যায় রাবণ শ্রীরামকে যে ‘কিঞ্চিৎ নীত’
 শুনিয়েছিলেন তা নিজের ভাষায় লেখো।

(গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“নিজ গৃহ পথ, তাত, দেখাও তস্করে?
 চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে?”

(ঘ) নিহিতার্থ বিশদ করো :

“সন্ধ্যার অন্ধকারে ধানক্ষেতে, আমবনে, অস্পষ্ট
 শাখায়
 কোকিলের ডাক শুনে চোখে তার ফুটেছিল কুয়াশা
 কেবল।”

(ঙ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“একদিন অমরায় গিয়ে
 ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়
 বাংলার নদী মাঠ ভাঁটফুল ঘুঙুরের মতো তার
 কেঁদেছিল পায়।”

৪। (ক) ‘হরিহোড়ের বৃত্তান্ত’ কবিতায় দেবী অন্নপূর্ণা কীভাবে
 হরিহোড়কে ছলনা করেছিলেন তা নিজের ভাষায়
 লেখো।

১০

অথবা

(খ) ‘মৃত্যুশয্যায় রাবণ’ কবিতা অবলম্বনে রাবণের চারিত্রিক
 বৈশিষ্ট্য আলোচনা করো।

১০

৫। (ক) ‘ফাঁকি’ কবিতার নামকরণটি যথার্থ হয়েছে কিনা,
 আলোচনা করো।

১০

অথবা

(খ) ‘আবার আসিব ফিরে’ শীর্ষক কবিতাটির ভাববস্তু বিশ্লেষণ
 করো।

১০

৬। (ক) 'আকাশে সাতটি তারা' শীর্ষক কবিতায় কবির অন্তর্ভুগতে বাংলার যে বিশেষ রূপটির মূর্তি নির্মিত হয়েছে তা চিত্রিত করো।

১০

অথবা

(খ) 'গোলপাতা ছাউনির বুক চুমে' শীর্ষক কবিতার সারসংক্ষেপ লিপিবদ্ধ করো।

১০

★ ★ ★